নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali Science and Technology University : NSTU

Phone : 880-02334496522
Fax : 880-02334496523
Mobile : 880-01720197824
E-mail : registrar@office.nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

রেজিস্ট্রার অফিস
প্রশাসন শাখা

নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৫/ ৮৬৮৭ (০৫)

২ জানুয়ারি ২০২৫

অফিস আদেশ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল সমূহের নীতিমালা সংশোধন-সংযোজন পূর্বক একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গত ০৯ সেপ্টেম্বর ২০২৪, নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৪/৮২২৬ নম্বর স্মারকে গঠিত কমিটির প্রতিবেদন ১৮ নভেম্বর ২০২৪ সকাল ১১.০০টায় আইকিউএসি'র সেমিনার রুম, কেন্দ্রীয় অডিটোরিয়াম ভবনে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৬৫তম সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলে নিম্মোক্ত সংশোধনীসহ অনুমোদন করা হয়:

১। কেন্দ্রিয় ভর্তির সময় হলের শিক্ষার্থীদের বরাদ্দসমূহ হলের ধারন ক্ষমতা অনুযায়ী আনুপাতিক হারে সিট বরাদ্দ দেয়া হবে।

২। জরুরী প্রয়োজনে হল কর্তৃপক্ষ ১ম ও ২য় বর্ষের শিক্ষার্থীদেরকে ডাবলিং এবং একই বিভাগের শিক্ষার্থীকে একই কক্ষে থাকার ব্যবস্থা গ্রহন করবেন।

৩। প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য যে কক্ষগুলো রাখা হবে, সে কক্ষগুলোতে বাংঙ্কার সিস্টেম চালু করা যেতে পারে।

৪। ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে ১ম বর্ষের শিক্ষার্থীর জন্য হলের মোট আসনের ৫% সিট বরাদ্দ থাকবে এবং ২০২৫-২৬ শিক্ষাবর্ষের হতে ১০% সিট বরাদ্দ থাকবে। PhD, M.Phil এবং বিদেশী শিক্ষার্থীরা শতভাগ আবাসিক সুবিধা ভোগ করবে।

উল্লিখিত সিদ্বান্তসমূহ প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল সমূহ পরিচালনার নীতিমালা।

02/01/25
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিতরণ: হল প্রভোস্টবৃন্দ, নোবিপ্রবি।

নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৫/ ৮৬৮৭

২ জানুয়ারি ২০২৫

অনুলিপি :

১। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি।
২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৩। সেকশন অফিসার, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর, নোবিপ্রবি।
৪। কোষাধ্যক্ষ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি।
৫। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি।
৬। নথি।
৭। মহানথি।

02.01.2025
সহকারী রেজিস্ট্রার
প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
NOAKHALI SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY (NSTU)
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

বিশ্ববিদ্যালয়ের হল সমূহের নীতিমালা সংশোধন/সংযোজন এর পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়নের
১ম সাধারণ সভার কার্যবিবরণী ঃ
ভাষা শহীদ আবদুস সালাম হল, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী-৩৮১৪।

১৮ সেপ্টেম্বর ২০২৪

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের সকল হল সমূহের নীতিমালা সংশোধন/সংযোজন এর **পূর্ণাঙ্গ** নীতিমালা প্রণয়ন কমিটির ১ম সভা বিকাল ৩.০০ ঘটিকায় এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগের চেয়ারম্যান মহোদয়ের কক্ষে আহ্বায়ক ও সকল সদস্যদেরকে নিয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন হল নীতিমালা প্রণয়ন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ হানিফ। সভার শুরুতে তিনি সকলকে স্বাগত অভিবাদন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার উপস্থিতিঃ

ক্রমিক নং	নাম ও পরিচয়	পদবি	উপস্থিতি
০১	প্রফেসর ড. মোহাম্মদ হানিফ, প্রভোস্ট, ভাষা শহীদ আবদুস সালাম হল।	আহ্বায়ক	উপস্থিত
০২	প্রফেসর ড. জাহাঙ্গীর সরকার, প্রভোস্ট, বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হল।	সদস্য	উপস্থিত
০৩	ড. মোঃ মামুন অর রশিদ, হযরত বিবি খাদিজা হল।	সদস্য	উপস্থিত
০৪	ড. আবিদুর রহমান, প্রভোস্ট, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হল।	সদস্য	উপস্থিত
০৫	জনাব মোঃ নাছির উদ্দিন, প্রভোস্ট, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল।	সদস্য	উপস্থিত
০৬	জনাব এ.এফ.এম আরিফুর রহমান, প্রক্টর, নোবিপ্রবি।	সদস্য	উপস্থিত
০৭	জনাব জামাল উদ্দিন, প্রভাষক, এপ্লায়েড ম্যাথমেটিক্স বিভাগ ও সহকারী প্রক্টর, নোবিপ্রবি।	সদস্য	উপস্থিত

আলোচ্যসূচী ঃ হলে ছাত্র-ছাত্রীদের জন্য সিট বরাদ্দের ক্ষেত্রে যোগ্যতা বিবেচ্য।

সিদ্ধান্ত সমূহঃ-(ক) : সিট বরাদ্দের ক্ষেত্রে নিম্নলিখিত Flow-chart অনুসরণ করা হবে।

০১. মেধা-সিনিয়ারিটি-Physically Disable।
০২. মেধা-সিনিয়ারিটি-দারিদ্র্য-পিতৃ/মাতৃহীন অথবা উভয়ই (মৃত্যু সনদ প্রদর্শন পূর্বক)।
০৩. মেধা-সিনিয়ারিটি-দুরত্ব বিশ্ববিদ্যালয়ের স্টেশন এর বাহিরে।
০৪. PhD-MPhil Student (Non-faculty)।
০৫. মেধা-সিনিয়ারিটি- BNCC ও রোভার স্কাউট।
০৬. মেধা-সিনিয়ারিটি-ক্ষুদ্র-নৃগোষ্টি।
০৭. ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে ১ম বর্ষ শিক্ষার্থীর জন্য মোট শূন্য আসনের ৫% সিট বরাদ্দ থাকবে।
০৮. হল কর্তৃপক্ষের বিশেষ বিবেচনায়, মোট শূন্য আসনের ৫% সিট বরাদ্দ থাকবে।

সিদ্ধান্ত সমূহঃ-(খ) : সিট বাতিল সংক্রান্ত নীতিমালা।

০১. উপরোক্ত Criteria এর ভিত্তিতে সিট বরাদ্দের ক্ষেত্রে শিক্ষার্থীরা Viva/সাক্ষাৎকার প্রদান করিবে। অন্যথায় তাদের সিট বাতিল বলে গন্য হবে।
০২. মাদক সরবরাহকারী কিংবা মাদক সেবনকারী সংশ্লিষ্টদের সিট বাতিল বলে গন্য হবে। কর্তৃপক্ষের নিকট কাউকে মাদক সেবনকারী বলে প্রতিয়মান হলে তাকে Dop Test এর Certificate জমা দিতে হবে।
০৩. ক্যাম্পাসের অভ্যন্তরে কোন ধরনের নৈতিক স্খলনের জন্য সিট বাতিল বলে গন্য হবে।
০৪. শিক্ষার উপকরণ ব্যাতিত কোন জীবন নাশকারী উপাদান যেমন-রড, ধারালো ছুরি কিংবা অগ্নেয়াস্ত্র বহন বা সরবরাহ করলে হলে সিট বাতিল বলে গন্য হবে।
০৫. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সাময়িক বহিস্কার হলে সিট বাতিল বলে গন্য হবে।
০৬. ছাত্র রাজনীতি কিংবা র‍্যাগিং এর সাথে জড়িত থাকলে হলে সিট বাতিল বলে গন্য হবে।
০৭. কোন শিক্ষার্থী রাষ্ট্রবিরোধী কিংবা বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থি কোন কর্মকান্ডে জড়িত থাকার প্রমান পাওয়া গেলে তার সিট বাতিল বলে গন্য হবে।

সিদ্ধান্ত সমূহঃ-(গ) : অন্যান্য।

০১. বোর্ডিং শব্দটি পরিবর্তন করে হলের ছাত্র-ছাত্রীরা আবাসিক/অনাবাসিক শিক্ষার্থী নামে পরিচিত হবে।
০২. শিক্ষার্থীদের অনার্স/মাষ্টার্স এর মৌখিক/ থিসিস প্রেজেন্টেশন সমাপ্ত হওয়ার সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়তে হবে।
০৩. ছাত্রী হলের প্রবেশের সময়সীমা রাত ৮.৩০। বিশেষ ক্ষেত্রে প্রভোস্টের অনুমতি সাপেক্ষে রাত ৯:০০ পর্যন্ত শিথিল করতে পারে।

বিবিধ:
সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রফেসর ড. মোহাম্মদ হানিফ
আহ্বায়ক, হল নীতিমালা প্রণয়ন কমিটি

ভাষা শহীদ আবদুস সালাম হল